গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

/১০/১৪২৬বঙ্গাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.৩০৮.২০১৯/ ০৪/৯

তারিখ: ০৪/০২/২০২০খ্রি.

বিষয় : রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন টেপামধুপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর।

**সূত্র:** (ক) রিট পিটিশন নং- ৬৬১৫/২০১৯।
(খ) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩০৮.১৯/৬০৮৭/৭; তারিখ: ১৮/১১/২০১৯খ্রি.
(গ) ভারপ্রাপ্ত অধ্যক্ষের পত্র নং- ৫৭/২০১৯; তারিখ: ১২/১২/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন টেপামধুপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ জনাব মোঃ হোসেন আলী সরকার এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় তিনি ৩১/১২/২০১৪খ্রি. তারিখে অবসর গ্রহণ করেন। অধ্যক্ষ অবসরে যাওয়ায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের বিষয়ে রিট পিটিশন নং- ৬৬১৫/২০১৯ দায়ের করা হয়।

**রিট পিটিশন নং-৬৬১৫/২০১৯ এর বিষয়ে আইন শাখার মতামত:** রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন টেপামধুপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজের জনাব মোঃ হাছিনা বুলবুল, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গং বিগত ০৯/০৩/২০১৯খ্রি. তারিখে অত্র অধিদপ্তরে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের দায়িত্ব পালনের বিষয়ে একটি আবেদন দাখিল করেন। আবেদন নিষ্পত্তি না হওয়ায় অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) গং মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৬৬১৫/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে অন্তবর্তীকালীন আদেশে মহামান্য হাইকোর্ট বিভাগ মহাপরিচালক, মাউশি অধিদপ্তরকে পিটিশনারগণের ০৯/০৩/২০১৯খ্রি. তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন।

জনবল কাঠামো- ২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ মোতাবেক "বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীদের কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না"। মাউশি অধিদপ্তরের ১৩/০৫/২০১৯খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ স্মারক পত্রে ৬০ বছর হওয়ার পর জ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষক দায়িত্ব পালন করবেন।

মন্ত্রণালয়ের পরিপত্র এবং মাউশির নির্দেশনা মোতাবেক অধ্যক্ষের ৬০ বছর পূর্ণ হওয়ায় জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করতে হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে সূত্রস্থ (খ) পত্র দেয়া হয়।

মাউশির প্রেরিত পত্র অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান না করায় জ্যেষ্ঠ শিক্ষক জনাব মোঃ রবিউল করিম, সহকারী অধ্যাপক অভিযোগ করেছেন।

এমতাবস্থায়, জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে বিধি মোতাবেক অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এর ব্যত্যয় হলে বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

4.2.2020

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

জনাব মোঃ শাহজাহান মিয়া
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
টেপামধুপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজ
কাউনিয়া, রংপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। সভাপতি, পরিচালনা পরিষদ, টেপামধুপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজ, কাউনিয়া, রংপুর;
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর;
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
৪। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর;
৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৬। শিক্ষা কর্মকর্তা (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৭। ব্যাবস্থাপক, সোনালী ব্যাংক লি. কাউনিয়া শাখা, রংপুর (জ্যেষ্ঠতম শিক্ষক ব্যতিত অন্য কারও স্বাক্ষরে বেতন ভাতা প্রদান না করার অনুরোধসহ);
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া, রংপুর;
৯। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

মুজিব শতবর্ষ

/১০/১৪২৬বঙ্গাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.৩০৮.২০১৯/ ১৩/৮ তারিখ: ০৪/০২/২০২০খ্রি.

**বিষয় :** জ্যেষ্ঠতম শিক্ষক ব্যতীত অন্য কারও স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতাসহ অন্যান্য লেনদেন না করা।

**সূত্র:** (ক) রিট পিটিশন নং- ৬৬১৫/২০১৯।
(খ) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩০৮.১৯/৬০৮৭/৭; তারিখ: ১৮/১১/২০১৯খ্রি.
(গ) ভারপ্রাপ্ত অধ্যক্ষের পত্র নং- ৫৯/২০১৯; তারিখ: ১২/১২/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন টেপামধুপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ জনাব মোঃ হোসেন আলী সরকার এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় তিনি ৩১/১২/২০১৪খ্রি. তারিখে অবসর গ্রহণ করেন। অধ্যক্ষ অবসরে যাওয়ায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের বিষয়ে রিট পিটিশন নং- ৬৬১৫/২০১৯ দায়ের করা হয়।

**রিট পিটিশন নং-৬৬১৫/২০১৯ এর বিষয়ে আইন শাখার মতামত:** রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন টেপামধুপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজের জনাব মোঃ হাছিনা বুলবুল, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গং বিগত ০৯/০৩/২০১৯খ্রি. তারিখে অত্র অধিদপ্তরে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের দায়িত্ব পালনের বিষয়ে একটি আবেদন দাখিল করেন। আবেদন নিষ্পত্তি না হওয়ায় অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) গং মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৬৬১৫/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে অন্তবর্তীকালীন আদেশে মহামান্য হাইকোর্ট বিভাগ মহাপরিচালক, মাউশি অধিদপ্তরকে পিটিশনারগণের ০৯/০৩/২০১৯খ্রি. তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন।

জনবল কাঠামো- ২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ মোতাবেক "বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীদের কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না"। মাউশি অধিদপ্তরের ১৩/০৫/২০১৯খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ স্মারক পত্রে ৬০ বছর হওয়ার পর জ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষক দায়িত্ব পালন করবেন।

মন্ত্রণালয়ের পরিপত্র এবং মাউশির নির্দেশনা মোতাবেক অধ্যক্ষের ৬০ বছর পূর্ণ হওয়ায় জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করতে হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে সূত্রস্থ (খ) পত্র দেয়া হয়।

মাউশির প্রেরিত পত্র অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান না করায় জ্যেষ্ঠ শিক্ষক জনাব মোঃ রবিউল করিম, সহকারী অধ্যাপক অভিযোগ করেছেন।

এমতাবস্থায়, জ্যেষ্ঠতম শিক্ষক ব্যতীত অন্য কারও স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীর বেতন ভাতাসহ অন্যান্য লেনদেন না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

4.2.2020

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

ব্যাবস্থাপক
সোনালী ব্যাংক লি.
কাউনিয়া শাখা, রংপুর

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। সভাপতি, পরিচালনা পরিষদ, টেপামধুপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজ, কাউনিয়া, রংপুর;
২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর;
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
৪। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর;
৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৬। শিক্ষা কর্মকর্তা (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া, রংপুর;
৮। সংরক্ষণ নথি।